

শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা “

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

উপজেলা মহিলা ও শিশু বিষয়ক স্হায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।


স্থান : ভাইস চেয়ারম্যান-এর অফিস কক্ষ।

তারিখ : ৩১/১০/২০২২; সময় : বেলা ১১:০০টা।

উপজেলা পরিষদের মহিলা ও শিশু বিষয়ক স্হায়ী কমিটির অধ্যকার সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এরপর তিনি সভাকে আজকের আলোচ্য বিষয় সম্পর্কে অবহিত করেন।

আলোচ্য বিষয়	সুপারিশসমূহ	বাস্তবায়নকারী
<b>০১। ডিডলিউবি :</b> ডিজিডি কর্মসূচির নতুন নাম ডিডলিউবি করা হয়েছে। অক্টোবর/২২ মাসের ডিডলিউবি খাদ্যশস্য ছাড়করণ করা হয়েছে। সুবিধাভোগীদের সম্বন্ধে টাকা নিয়মিত তাদের নিজস্ব একাউন্টে জমা হচ্ছে এবং এন জি ও কর্মী ডিডলিউবি উপকারভোগীদেরকে নিয়মিত প্রশিক্ষণ দিচ্ছে।	<b>০১।</b> ব্যাংক এশিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে প্রত্যেক মাসে নিয়মিত ব্যাংক স্টেটমেন্ট প্রদান করবে। <b>০২।</b> খাদ্য বিতরণের দিন ব্যাংকের এজেন্ট ইউনিয়ন পরিষদে অবশ্যই উপস্থিত থাকবেন এবং সুবিধাভোগীদের জমার রশিদ প্রদান করত: টাকা সেদিনই ব্যাংকে জমা দিয়ে স্টেটমেন্ট প্রদান করবে।	ব্যাংক এশিয়া
	<b>০৩।</b> টাকা জমা প্রদানের রশিদ ব্যতিত কোন সুবিধাভোগীকে খাদ্য বিতরণ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। <b>০৪।</b> ট্যাগ অফিসারের উপস্থিতিতে খাদ্য বিতরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান (সকল)
<b>০২। ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি :</b> উক্ত কমিটির রেজুলেশন প্রতি মাসে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করার কথা থাকলেও কোন ইউনিয়ন পরিষদ হতে সভার কার্যবিবরণী পাওয়া না যাওয়ায় জেলা কমিটির কাছে ইউনিয়ন সমূহের নারী ও শিশু বিষয়ক কোন তথ্য প্রেরণ করা সম্ভব হয় না।	<b>০১।</b> প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে উপজেলা কমিটির কাছে এ সংক্রান্ত বিভিন্ন তথ্য রেজুলেশনে অন্তর্ভুক্ত করে প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে পুনরায় অনুরোধ করা হয়।	চেয়ারম্যান (সকল)
<b>০৩।</b> মা ও শিশু সহায়তা কর্মসূচীঃ দরিদ্র মা'র জন্য মাতৃকালীন ভাতা প্রদান কর্মসূচি বর্তমানে মা ও শিশু সহায়তা কর্মসূচিতে রূপান্তরিত করা হয়েছে।	<b>০১।</b> সদর কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী বরাদ্দ পাওয়া সাপেক্ষে কার্যক্রম শুরু করা হবে।	চেয়ারম্যান (সকল)

অতঃপর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



( আবদুল হাই বাবলু )  
উপজেলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু বিষয়ক স্হায়ী কমিটি  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

তারিখ- ৩১/১০/২০২২

স্মারক নং- ৩২.০১.১৯৩৩.০০০.৮৮.২০- ৩৩০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০৩। উপজেলা ....., কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০৪। চেয়ারম্যান, .....নং .....ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০৫।










( পারভীন আক্তার )

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

উপজেলা মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর :

তারিখ: ৩১/১০/২০২২

ক্রমিক নং	নাম ও পদবী	মোবাইল নম্বর	স্বাক্ষর
০১.	উপজেলা ভাইস চেয়ারম্যান কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।		
০২.	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।		
০৩.	উপজেলা সমাজসেবা কর্মকর্তা কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।		
০৪.	চেয়ারম্যান চৌয়ারা ইউনিয়ন পরিষদ		
০৫.	চেয়ারম্যান বারপাড়া ইউনিয়ন পরিষদ		
০৬.	চেয়ারম্যান বিজয়পুর ইউনিয়ন পরিষদ		
০৭.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।		 ৩১/১০/২০২২